প্রথম আলো

তারিখ 22 FEB 2015
পৃষ্ঠা ... কলাম ...

# কলকাতায় পালিত হলো আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

কলকাতা প্রতিনিধি ●

ভারতের পশ্চিমবঙ্গের কলকাতায় পালিত হলো আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। বাংলা ভাষা আন্দোলনের এই মহান দিবসকে গতকাল শনিবার শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেছে কলকাতার মানুষ।

কলকাতার একাডেমি অব ফাইন আর্টস চত্বরে আয়োজিত অনুষ্ঠানে অংশ নেয় নবর্জাগরণ ও ভাষা চেতনা সমিতি নামের দুটি সংগঠন। এই অনুষ্ঠানে বাংলাদেশ থেকে যোগ দেন ১৬ জন শিল্পী। রাত ১২টা ১ মিনিটে মশাল মিছিল বের করা হয়। সারা রাত চলে কবিতা, গান, নাটক ও নাচের অনুষ্ঠান। সকালে পার্ক সার্কাস এলাকায় কলকাতায় বাংলাদেশ উপহাইকমিশন গ্রন্থাগার থেকে বের করা হয় প্রভাতফেরি। এর পরই উপহাইকমিশনে নির্মিত শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণের মধ্য দিয়ে দিনের সূচনা হয়।

কলকাতার বেলেঘাটা মোড়ে কেন্দ্রীয় শহীদ মিনারের ধাঁচে গড়া শহীদ মিনারেও এদিন শ্রদ্ধা জানান বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। ভাষাসৈনিক বরকতের গ্রাম বাবলা ও স্কুল তালিবপুর হাইস্কুলেও আয়োজন করা হয় নানা অনুষ্ঠানের।